বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০৩৩.৭৪.০১৩.২৪.৪৫০

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **নতুন প্রকাশিত গেজেট এর নির্দেশনা প্রতিপালন পূর্বক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, সংশোধন ও সংশ্লিষ্ট অপরাপর কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, গত ০৪/০৭/২০২৪ খ্রি. তারিখে "জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে অধিক ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্থ এলাকায় প্রকল্প গ্রহণের জন্য প্রণীত গাইডলাইন" (সংযুক্তি-১) এবং ০৬/০৭/২০২৪ খ্রি. তারিখে "জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (সংশোধিত ২০২৪)" (সংযুক্তি-২) এর গেজেট প্রকাশিত হয়েছে।

গত ০১/১০/২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ে অনুষ্ঠিত সেমিনারে নতুন প্রকাশিত গেজেট এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রকল্প প্রস্তাব, সংশোধিত প্রকল্প প্রস্তাব, পিসিআর সহ সংশ্লিষ্ট অপরাপর কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়। উল্লেখ্য, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক প্রকল্প যাচাইয়ের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা ও গাইডলাইনে বর্ণিত ১০০ নম্বরের ম্যাট্রিক্স এর ওপর ভিত্তি করে প্রাপ্ত মান অনুযায়ী প্রকল্প প্রস্তাব বাছাই করা হবে। গাইডলাইনে বর্ণিত ১০০ নম্বরের ম্যাট্রিক্স যথাযথভাবে পূরণ করে প্রকল্প প্রস্তাবের সাথে সংযুক্তি আকারে প্রদান করতে হবে। এপ্রেক্ষিতে সেমিনারে উপস্থাপিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সংযুক্ত করা হলো (সংযুক্তি-৩) ।

উল্লেখ্য, প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে পাইলট আকারের এবং ইনোভেটিভ ও গবেষণাধর্মী প্রকল্পকে উৎসাহিত করা হবে মর্মে জানানো হয়েছে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

সংযুক্তি: ৪ প্রস্থ সংযুক্ত।

০৭-১০-২০২৪
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা (অ. দা. )
০২২২২২৩০২০০
cplanwdb@yahoo.com

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা;
৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাপাউবো, ঢাকা;
৪। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা;
৫। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর;
৬। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা;
৭। অতি. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল;
৮। অতি. প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম;

৯। অতি. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী;
১০। অতি. প্রধান প্রকৌশলী (পুর), আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা;
১১। অতি. প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর;
১২। অতি. প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, বাপাউবো, ঢাকা;
১৩। অতি. প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা;
১৪। অতি. প্রধান প্রকৌশলী, দক্ষিণ- পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা;
১৫। অতি. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা;
১৬। অতি. প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট;
১৭। অতি. প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), যান্ত্রিক সরঞ্জাম এর দপ্তর, বাপাউবো, ঢাকা;
১৮। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা;
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল;
২০। পরিচালক (চলতি দায়িত্ব), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংযুক্তিসহ বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
২২। উপসচিব, উন্নয়ন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়;
২৩। নির্বাহী প্রকৌশলী, সকল এবং
২৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি-২ সিসিটিএফ ফান্ড ব্যবহার নীতিমালা, ২০২৪ গেজেট
(২) সংযুক্তি-১ গাইডলাইন গেজেট
(৩) সংযুক্তি-৩ পাওয়ার পয়েন্ট প্রেজেনটেশন
(৪) সেমিনারে অংশগ্রহণের আমন্ত্রণ পত্র

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**জলবায়ু পরিবর্তন-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ/২৪ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ২২.০০.০০০০.০৮৬.১৪.০০১.১৯.১২৩**—জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জলবায়ু পরিবর্তনের কারণে অধিক ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্ত এলাকায় প্রকল্প গ্রহণের জন্য প্রণীত গাইডলাইনটি গেজেট আকারে প্রকাশ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. সৈয়দ শাহজাহান আহমেদ**
উপসচিব।


**মূল্য :** টাকা ১২.০০

**জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফাণ্ডের অর্থায়নে বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের কারণে অধিক ঝুঁকিপূর্ণ ও ক্ষতিগ্রস্ত এলাকায় প্রকল্প গ্রহণের জন্য গাইডলাইন।**

**১। গাইডলাইন প্রণয়নের প্রেক্ষাপট :**

জলবায়ু পরিবর্তনের বিষয়টিকে দেশের উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনায় ২০০৯ সালে প্রণয়ন করা হয় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯। এ কর্মকৌশল বাস্তবায়নের জন্য ২০০৯-১০ অর্থবছরে সরকারের রাজস্ব বাজেট হতে গঠন করা হয় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড। জলবায়ু পরিবর্তনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে এবং ট্রাস্ট ফান্ড পরিচালনার জন্য ২০১০ সালে মহান জাতীয় সংসদে উপস্থাপনের মাধ্যমে পাস করা হয় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন।

জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ অনুযায়ী ট্রাস্ট ফান্ড ব্যবস্থাপনার জন্য ১৭ সদস্য বিশিষ্ট একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন ট্রাস্টি বোর্ড রয়েছে। ট্রাস্টি বোর্ডকে সহায়তা করার জন্য রয়েছে ১৩ সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি। ট্রাস্টি বোর্ডের অনুমোদনক্রমে ২০১২ সালে ট্রাস্ট ফান্ড পরিচালনার জন্য একটি **"ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা"** প্রণয়ন করা হয়। সম্প্রতি এ নীতিমালাটি হালনাগাদ করে যুগোপযোগী করার উদ্যোগ নেয়া হয়েছে। এ নীতিমালায় প্রকল্প গ্রহণ, অনুমোদন, বাস্তবায়ন, অর্থছাড় সংক্রান্ত পৃথক পৃথক নির্দেশনা ও প্রকল্প **প্রণয়নের** ছকসমূহের একটি রূপরেখা অন্তর্ভুক্ত করা হয়েছে। মূলতঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯, এবং ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী বিগত ১০ বছর ট্রাস্ট ফান্ড হতে প্রকল্প গ্রহণ ও অনুমোদন করা হয়েছে। কিন্তু জলবায়ু সংক্রান্ত প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণের জন্য কোনো গাইডলাইন না থাকায় বিগত ২১ জুন, ২০১৯ তারিখ অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের ৫০তম সভায় একটি গাইডলাইন প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রণীত এ গাইডলাইনের আলোকে নির্ধারিত মানদণ্ডের উপর ভিত্তি করে ট্রাস্টি বোর্ডের মাননীয় সদস্যবৃন্দ প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণ করবেন।

২। **ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প গ্রহণের সার্বিক চিত্র :**

সরকারের রাজস্ব তহবিল দ্বারা ২০০৯-১০ অর্থবছরে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল গঠন করা হয়। ২০০৯-১০ অর্থবছর হতে চলতি ২০২৩-২৪ অর্থ বছরসহ ১৫টি অর্থবছরে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডে ৩ হাজার ৯ শত ৬৯ কোটি ৩৪ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইনের বিধান অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অনুকূলে প্রতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থের ৬৬% সমপরিমাণ অর্থ ও স্থায়ী আমানত হিসেবে তহবিলে জমাকৃত অর্থের সুদ দ্বারা ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রকল্প বা কর্মসূচি গ্রহণ করা হয়। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ২০০৯-১০ অর্থবছর হতে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ৯৬৯টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্পসমূহ বিসিসিএসএপি-২০০৯ এর ৬টি থিমেটিক এরিয়ার অধীনে ১৮ টি মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার মাধ্যমে সকল জেলাতে বাস্তবায়ন করা হচ্ছে। থিমেটিক এরিয়াভিত্তিক বিভাজন লক্ষ করলে দেখা যায় যে, থিমেটিক এরিয়া টি-৩-অবকাঠামো খাতে অধিক সংখ্যক (প্রায় ৪৭%) প্রকল্প গ্রহণ করা হয়েছে, সে তুলনায় অন্যান্য থিমেটিক এরিয়াতে কম প্রকল্প অনুমোদন করা হয়েছে। অনুরূপভাবে বিগত ২/৩ বছরে অনুমোদিত

প্রকল্প বিশ্লেষণে দেখা যায় থিমেটিক এরিয়া টি-৫ প্রশমন খাত (৩৪%) এর অধীনে অধিকাংশ প্রকল্পের অনুকূলে সৌর সড়ক বাতি স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়-ভিত্তিক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে সর্বাধিক (প্রায় ৫৭%) প্রকল্প গ্রহণ করা হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয়ে দ্বিতীয় সর্বোচ্চ (প্রায় ১৬%) প্রকল্প গ্রহণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় কর্তৃক ০৭.১১৯.০০২.০২.০০.০৬১.২০১৩ (অংশ-১)/১১০, তারিখ : ০৮-০৬-২০১৫ খ্রিঃ স্মারকমূলে প্রকল্প গ্রহণ ও অনুমোদনের ক্ষেত্রে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবস্থপনা সংক্রান্ত সার্কুলার জারি করা হয়। এতে জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনার ৬টি থিমের মধ্যে বরাদ্দ সিলিং নির্ধারণ করে সে অনুযায়ী প্রকল্প গ্রহণের সুপারিশ করা হয়। উক্ত সুপারিশ অনুযায়ী গবেষণা খাতে সর্বাধিক ২৫% প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করা হলেও বর্তমানে গবেষণা খাতে প্রকল্প গ্রহণের হার ৫%। অনুরূপভাবে অবকাঠামো ও প্রশমন খাতে যথাক্রমে ২০% এবং ১৫% হারে প্রকল্প গ্রহণের নির্দেশনা থাকলেও বর্তমানে এই দুই থিমের অধীনে প্রকল্প গ্রহণের হার যথাক্রমে ৪৭% এবং ৩৩%। একই ধারাবাহিকতায় দুর্যোগ ব্যবস্থাপনা এবং সামর্থ্য গঠন ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এই দুই থিমের অধীনে অর্থ মন্ত্রণালয় কর্তৃক যথাক্রমে ১৫% এবং ১০% হারে প্রকল্প গ্রহণের অনুশাসন থাকলেও বর্তমানে এ দুটি থিমে প্রকল্প গ্রহণের হার ১%, যা অতি নগণ্য। অর্থ মন্ত্রণালয়ের সুপারিশ থাকা সত্ত্বেও প্রকল্প গ্রহণের ক্ষেত্রে থিমেটিক এরিয়াভিত্তিক তারতম্য এবং দুই-একটি মন্ত্রালয়ের অধীনে অধিকাংশ প্রকল্প অনুমোদন হওয়ায় ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে ভারসাম্য বজায় থাকছে না। ফলে প্রণীত এ গাইডলাইনটি বাস্তবায়ন করা হলে এ জটিলতা নিরসন করা সম্ভব হবে। এতে করে একদিকে যেমন অর্থ বিভাগের সুপারিশ সম্যক বিবেচনায় নেয়া যাবে অপরদিকে জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনার থিমসমূহকেও তাদের গুরুত্ব অনুযায়ী প্রকল্পে স্থান দেয়ার সুযোগ থাকবে।

**৩। গাইডলাইন প্রণয়নের উদ্দেশ্য :**

(৩.১) যথাযথ প্রকল্প অনুমোদনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ অঞ্চলের জনসাধারণের খাপ খাওয়ানোর সক্ষমতা বৃদ্ধি, জীবন-জীবিকার মানোন্নয়ন ও দীর্ঘমেয়াদী ঝুঁকি মোকাবেলা করা;

(৩.২) প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অভিযোজন (Adaptation), জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ দূষণ রোধ, জলবায়ূ পরিবর্তনজনিত ক্ষয়ক্ষতি (Loss and Damage) মোকাবেলায় যে সকল কাজ সরাসরি ভূমিকা রাখবে তাদের অগ্রাধিকার নির্ধারণ করা;

(৩.৩) জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো এবং ক্ষতিগ্রস্ততা মোকাবেলার জন্য প্রয়োজনীয় বিভিন্ন মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা এবং এর ভিত্তিতে প্রকল্প বা কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা;

(৩.৪) প্রকল্প অনুমোদন ও বাস্তাবায়নের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

(৩.৫) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থের সর্বোত্তম ব্যবহার করা।

৪। **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণের বিবেচ্য বিষয়সমূহঃ**

**(৪.১) প্রকল্প প্রস্তাব দাখিলের ক্ষেত্রে শর্তসমূহ :**

(৪.১.১) প্রতি অর্থবছরের **(১ জানুয়ারি হতে ৩১ মার্চ)** এবং **(১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর)** সময়সীমার মধ্যে নতুন প্রকল্প প্রস্তাব আহ্বান করা হবে। প্রকল্প প্রস্তাব যথাযথ নিয়মে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে দাখিল করতে হবে।

(৪.১.২) এক অর্থবছরের প্রকল্প প্রস্তাব অন্য অর্থবছরে দাখিল করা যাবে না। নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত প্রস্তাবসমূহ গ্রহণযোগ্য হবেনা।

(৪.১.৩) প্রকল্প প্রস্তাব দাখিলের সময় প্রকল্প এলাকায় কাজ বাস্তবায়নের পূর্বের স্থিরচিত্র, ভিডিও ফুটেজ এবং বেসলাইন সার্ভে এর তথ্য (Baseline Survey) প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

(৪.১.৪) প্রতিটি প্রকল্প প্রস্তাবে আবশ্যিকভাবে প্রকল্প এলাকা সুনির্দিষ্ট করতে হবে। (বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন/ওয়ার্ড, মৌজা, জেএল নম্বর, অক্ষাংশ, দ্রাঘিমাংশ সহকারে)।

**(৪.২) প্রকল্প প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ :**

(৪.২.১) প্রস্তাবিত প্রকল্প Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP) এ বর্ণিত থিমেটিক এরিয়ার আওতাধীন কর্মসূচি বা প্রোগ্রাম এর আলোকে প্রণয়ন করতে হবে।

(৪.২.২) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইনের বিদ্যমান লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সমন্বয় সাধন করে অভিযোজন (Adaptation), প্রশমন (Mitigation), জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ দূষণ রোধ, জলবায়ু পরিবর্তনজনিত ক্ষয়ক্ষতি (Loss and Damage) মোকাবেলা, প্রযুক্তি হস্তান্তর (Technology Transfer) এবং সক্ষমতা বৃদ্ধি (Capacity Building) বিষয়ে প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।

(৪.২.৩) প্রকল্প প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে NAP (National Adaptation Plan, 2022, NDC Nationally Determined Contrbution, 2021), Mujib Climate Prosperity Plan, 2023 এবং CCGAP (Climate Change and Gender Action Plan, 2023) কে বিবেচনায় আনতে হবে।

(৪.২.৪) জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত উপকূলীয়, বন্যাপ্রবণ, পাহাড়ি, বরেন্দ্র, হাওড় ও শহরাঞ্চলের বিপন্নতা (Vulnerability) এর মাত্রা ভিন্ন ভিন্ন। প্রকল্প প্রস্তাব প্রণয়েনের ক্ষেত্রে এ ভিন্নতার বিষয়টি বিবেচনা করতে হবে এবং তথ্য উপাত্তসহ ভিন্ন ভিন্ন বিপদাপন্নতার জন্য প্রস্তাবিত কাজের যৌক্তিকতা উল্লেখ করতে হবে (Nationwide Climate Vulnerability Assessment (NCVA) রিপোর্ট অনুযায়ী)।

(৪.২.৫) গবেষণাধর্মী প্রকল্প প্রণয়ণের ক্ষেত্রে প্রায়োগিক গবেষণার উপর জোর দিতে হবে। প্রকল্প প্রস্তাবে প্রস্তাবিত গবেষণা কাজের ফলাফল পাইলট আকারে প্রয়োগের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

(৪.২.৬) বিদ্যমান জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী (১৫ কোটি টাকার মধ্যে) পাইলট প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

(৪.২.৭) প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রস্তাবিত এলাকা এবং সংশ্লিষ্ট সেক্টরে কী Additional Value যোগ হবে এবং বাস্তবায়িত প্রকল্পের মাধ্যমে সাধারণ জনগণ কীভাবে উপকৃত হবে তার বিবরণ নিম্নোক্ত ছক অনুযায়ী দাখিল করতে হবে :

| **Additional Value এর বিবরণ** | **সংখ্যা/পরিমাণগত** | **% (শতকরা হার)** |
|---|---|---|
| | | |

(৪.২.৮) Co-financing এর মাধ্যেম প্রকল্প বরাদ্দ প্রদান করা যেতে পারে। বড় পরিসরে (১৫ কোটি টাকার উর্ধ্বে) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে দপ্তর/সংস্থা অথবা অন্য তহবিল হতে Co-financing এর সংস্থান থাকতে হবে।

(৪.২.৯) Co-financing এ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি নিরসনে সক্ষম প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ট্রাস্ট ফান্ড হতে পর্যায়ক্রমে বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। তবে Co-financing এর ক্ষেত্রে মূল বাজেট ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক রাখা যাবেনা।

(৪.২.১০) প্রকল্প প্রস্তাবে আবশ্যিকভাবে উপকারভোগীর সংখ্যা (নারী, পুরুষ, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধী, বিধবা) সংযোজন করতে হবে।

**(৪.৩) প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ :**

(৪.৩.১) প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে নিম্নোক্ত ৪টি থিমের আওতায় দাখিলকৃত প্রস্তাবসমূহকে অগ্রাধিকার দেয়া হবে :

(ক) খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য ;

(খ) গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা ;

(গ) অভিযোজন ও জীববৈচিত্র্য সংরক্ষণ ;

(ঘ) ক্ষয়ক্ষতি (Loss & Damage) ;

(ঙ) দূষণ নিয়ন্ত্রণ ; এবং

(চ) সহনশীলতা বৃদ্ধি (Resilience Building).

(৪.৩.২) প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে পাইলট আকারের এবং ইনোভেটিভ ও গবেষণাধর্মী প্রকল্পকে উৎসাহিত করা হবে।

(৪.৩.৩) প্রস্তাবিত যে সকল প্রকল্পের কার্যক্রম কার্যকরী ফলাফল প্রদানে সক্ষম সে সকল প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে প্রাধান্য পাবে।

(৪.৩.৪) জরুরি প্রয়োজনে এবং অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলায় ট্রাস্ট ফান্ড হতে বিশেষ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা যেতে পারে।

(৪.৩.৫) বিসিসিটি কর্তৃক প্রকল্প যাচাইয়ের ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা, গাইডলাইন/চেকলিস্ট ও (৪.৪) অনুচ্ছেদে এ বর্ণিত ম্যাট্রিক্স এর উপর ভিত্তি করে প্রাপ্ত মান অনুযায়ী প্রকল্প বাছাই করা হবে। প্রদত্ত ১০০ (একশত) মানের মধ্যে ৮০ (আশি) এর নিম্নে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব কারিগরি কমিটির সভায় উপস্থাপনযোগ্য নয় মর্মে বিবেচিত হবে।

(৪.৩.৬) গত ০৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ৫৯তম সভায় সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর স্মারক নং-২২.০৬.০০০০.১১৭.১৪.০৭.২০২২.২(ক), তারিখ: ০৫-০১-২০২৩ খ্রিঃ মূলে গঠিত সাব কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ যাচাই-বাছাই করবে।

(৪.৩.৭) সাব-কমিটি প্রয়োজনবোধে দাখিলকৃত প্রস্তাব হতে অপ্রাসঙ্গিক ও অপ্রয়োজনীয় আইটেম ও বাজেট হ্রাস/বৃদ্ধির সুপারিশ করতে পারবে।

(৪.৩.৮) সাব-কমিটি কর্তৃক প্রদত্ত মানসহ প্রতিটি প্রকল্পের সার-সংক্ষেপ কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে।

(৪.৩.৯) কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপনের ক্ষেত্রে সার-সংক্ষেপের সাথে মান সংযোজন করতে হবে।

(৪.৩.১০) কারিগরি কমিটির সুপারিশের আলোকে প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য ট্রাস্টি বোর্ডে উপস্থাপন করতে হবে।

**(৪.৪) প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণের জন্য প্রণীত ম্যাট্রিক্স :**

প্রকল্প বাছাইয়ের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণের জন্য ১০০ (একশত) মান সম্বলিত নিম্নোক্ত ম্যাট্রিক্স প্রণয়ন করা হলো। ম্যাট্রিক্সে বর্ণিত প্রতিটি সূচকের বিপরীতে যুক্তিসঙ্গত এবং উপাত্ত সমৃদ্ধ তথ্যের উপর ভিত্তি করে মান প্রদান করতে হবে।

| ক্র. | বিবেচ্য বিষয়সমূহ | প্রদত্ত মান |
|---|---|---|
| ০১. | **প্রস্তাবিত কাজ জলবায়ু পরিবর্তনে বিরূপ প্রভাব মোকাবেলায় কীভাবে/কতটুকু কার্যকরী ভূমিকা রাখবে ?** | ১৫ |
| | ক. প্রস্তাবিত কাজ সংশ্লিষ্ট এলাকায় জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কীভাবে ভূমিকা রাখবে ? | ০-৫ |
| | খ. প্রস্তাবিত কাজ সংশ্লিষ্ট এলাকায় Immediate Action অথবা সরাসরি ভাবে ফলাফল প্রদানে কীভাবে ভূমিকা রাখবে? | ০-৩ |
| | গ. প্রস্তাবিত কাজটি বাস্তবায়নের ফলে স্থানীয় জনগণের আর্থ সামাজিক সক্ষমতা এবং জলবায়ু সহনশীলতা (Resilience) কীভাবে বাড়বে ? | ০-৪ |
| | ঘ. প্রস্তাবিত কাজ বাস্তবায়নের ফলে কীভাবে বহুমুখি সুবিধা (Multiple Benefit) পাওয়া যাবে তার বিবরণ। | ০-৩ |

| | | |
|---|---|---|
| ০২. | **প্রস্তাবিত কাজের ধরন অভিযোজনমূলক এবং জীববৈচিত্র্য সংরক্ষণধর্মী হলে তা প্রকল্প প্রস্তাবে কীভাবে সন্নিবেশ করা হয়েছে ?** | **০৮** |
| | ক. অভিযোজনমূলক এবং জীববৈচিত্র্য সংরক্ষণধর্মী থিমের অধীনে প্রস্তাবিত কাজের ধরন প্রায়োগিক হলে তার বিবরণ। | ০-৪ |
| | খ. অভিযোজনমূলক এবং জীববৈচিত্র্য সংরক্ষণধর্মী থিমের অধীনে প্রস্তাবিত কাজের ধরন গবেষণামূলক হলে তার বিবরণ। | ০-৪ |
| ০৩. | **প্রস্তাবিত প্রকল্প ক্ষয়ক্ষতি (Loss & Damage) রোধে এবং দূষণ নিয়ন্ত্রণে কীভাবে কার্যকরী ভূমিকা রাখবে?** | **১২** |
| | ক. প্রস্তাবিত কাজ ক্ষয়ক্ষতি (Loss & Damage) কে কীভাবে Address করবে তার বিবরণ। | ০-৫ |
| | খ. প্রস্তাবিত কাজ পরিবেশ দূষণ রোধে কীভাবে ভূমিকা রাখবে তার বিবরণ। | ০-৫ |
| | গ. প্রস্তাবিত কাজ জলবায়ু পরিবর্তনের ফলে বাস্তুচ্যুত জনগণের (Climate Displaced People) জীবন-জীবিকার মানোন্নয়ন কীভাবে করবে তার বিবরণ। | ০-২ |
| ০৪. | **প্রস্তাবিত কাজ পঞ্চ-বার্ষিক পরিকল্পনা ও জলবায়ু সংক্রান্ত বিভিন্ন কৌশলপত্রের লক্ষ্যমাত্রা অর্জনে কীভাবে/কতটুকু কার্যকরী ভূমিকা রাখবে ?** | **১০** |
| | ক. প্রস্তাবিত কাজ NAP, NDC, Mujib Climate Prosperity Plan (MCPP) এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার কোন উদ্দেশ্য, থিম এবং সেক্টরের সাথে কীভাবে সংগতিপূর্ণ ? | ০-৫ |
| | খ. প্রস্তাবিত কাজ স্বীকৃত কোনো Climate model/Design/Climate study/ দপ্তর/সংস্থার মাস্টার প্লান-কে কীভাবে অনুসরণ করবে ? | ০-৫ |
| ০৫. | **বিসিসিএসপি, বিদ্যমান আইন, নীতিমালা ও গাইডলাইন প্রণীত বিষয়সমূহ প্রকল্প প্রস্তাবে কীভাবে সন্নিবেশিত করা হয়েছে ?** | ০৫ |
| ০৬. | **প্রস্তাবিত কার্যক্রম স্ব-স্ব বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব/রুটিন কাজ, না জলবায়ু সহিষ্ণু ইনোভেটিভ কোনো কাজ ?** | **১০** |
| | ক. প্রস্তাবিত কাজের ধরন Allocation of Business অনুযায়ী দপ্তর/সংস্থার কাজ হলে তার বিবরণ। | ০-৫ |
| | খ. প্রস্তাবিত কাজ জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় কীভাবে ভূমিকা রাখবে? | ০-৫ |
| ০৭. | **মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা যাচাই** | **১০** |
| | ক. প্রস্তাবিত কাজটি বাস্তবায়নের পূর্বের অভিজ্ঞতা আছে কি না তার বিবরণ ? | ০-৫ |
| | খ. বাস্তবায়নকারী সংস্থা কাজটি নিজস্ব জনবল দ্বারা অথবা আউটসোর্সিং এর মাধ্যমে বাস্তবায়ন করবে কি না তার বিবরণ। | ০-৩ |
| | গ. প্রস্তাবিত কাজ বাস্তবায়নের ক্ষেত্রে দপ্তর/সংস্থার নিজস্ব Exit Plan (বিদ্যমান পরিকল্পনা) থাকলে তার বিবরণ। | ০-২ |

| | | |
|---|---|---|
| ০৮. | **প্রকল্প প্রস্তাব প্রণয়নে স্টেকহোল্ডার/স্থানীয় জনগণকে কীভাবে সম্পৃক্ত করা হয়েছে?** | **১০** |
| | ক. প্রকল্পের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তার বিষয়ে স্থানীয় জনগণকে কীভাবে সম্পৃক্ত করা হয়েছে তার বিবরণ। | ০-৫ |
| | খ. প্রকল্পের টেকসহিতা (Sustainability) রক্ষার কাজে স্থানীয় জনগণকে কীভাবে সম্পৃক্ত করা হয়েছে ? | ০-৫ |
| ০৯. | **প্রকল্প প্রস্তাব জেন্ডার নীতিমালায় (Gender guidelines of BCCT) বর্ণিত উদ্দেশ্যগুলো যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা ?** | **১০** |
| | ক. প্রকল্প প্রস্তাব প্রণয়নে এবং বাস্তবায়নকালীন জেন্ডারভিত্তিক মতামত প্রদানের সুযোগ কীভাবে রাখা হয়েছে ? | ০-৫ |
| | খ. প্রকল্প প্রস্তাবে জেন্ডার বিষয়ক তথ্য কীভাবে সন্নিবেশ করা হয়েছে ? | ০-৩ |
| | গ. প্রকল্পে জেন্ডারভিত্তিক কাজের প্রয়োজনীয়তা কীভাবে বিবেচনা করা হয়েছে? | ০-২ |
| ১০. | **প্রকল্প সমাপ্তির পর বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্পের কাজ যথাযথভাবে সংরক্ষণ (Maintenance) এবং টেকসহিতা (Sustainability) নিশ্চিত করার জন্য কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?** | **১০** |
| | ক. প্রকল্পের কাজ সমাপ্তির পর তা যথাযথভাবে সংরক্ষণ (Maintenance) করার কী উদ্যোগ গ্রহণ করা হয়েছে ? | ০-৫ |
| | খ. প্রকল্পের কাজের Sustainability নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট কোনো সরকারি/বেসরকারি সংস্থা/স্থানীয় জনগণকে সংযুক্ত করার কী পদক্ষপ গ্রহণ করা হয়েছে ? | ০৫ |
| | **মোট** | **১০০** |

(৪.৫) এ গাইডলাইন এর কোনো পরিবর্তন-পরিবর্ধন-পরিমার্জন প্রয়োজন হলে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ট্রাস্টি বোর্ডের পরামর্শ গ্রহণ করে গাইডলাইনটি চূড়ান্ত করবেন।

(৪.৬) প্রতি ৫ বছর পর পর গাইডলাইনটি মূল্যায়নপূর্বক পরিমার্জন/সংশোধন করা যেতে পারে।

(৪.৭) প্রদত্ত ম্যাট্রিক্সে বর্ণিত ১ ও ২ নং অনুচ্ছেদের বিভিন্ন কৌশলপত্র (পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, BCCSAP, NAP, NDC, MCPP) পরিমার্জন/সংশোধন/হালনাগাদকরণ করা হলে সর্বশেষ প্রণীত সংকলন বিবেচনা করতে হবে।

(৪.৮) প্রতি বছর প্রণীত এ গাইডলাইন অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের একটি সমীক্ষা প্রতিবেদন (Impact Assessment Report) ট্রাস্টি বোর্ডে উপস্থাপন করতে হবে।

ড. ফারহিনা আহমেদ

সচিব

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, জুলাই ৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**জলবায়ু পরিবর্তন-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/০৭ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

নং **২২.০০.০০০০.০৮৬.২২.০০১.২৩.৯৩**—জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (সংশোধিত, ২০২৪) গেজেট আকারে প্রকাশ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. সৈয়দ শাহজাহান আহমেদ**
উপসচিব।



মূল্য : টাকা ৪৮.০০

**জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (সংশোধিত, ২০২৪)**

**বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ট্রাস্টি বোর্ড কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন ২০১০ এর ১০ ধারা অনুসরণে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়নের জন্য সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার (সংশোধিত, ২০২৪) সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশিকা জারি করা হলো:**

**১.০ প্রকল্প প্রণয়ন:**

**১.১ প্রকল্প প্রণয়নে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে:**

**১.১.১** প্রস্তাবিত প্রকল্প Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP) এ বর্ণিত থিমেটিক এরিয়ার আওতাধীন কর্মসূচী বা প্রোগ্রাম এর আলোকে প্রণয়ন করতে হবে। অভিযোজন প্রকল্পের ক্ষেত্রে National Adaptation Plan, 2023 (NAP), প্রশমন সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে হালনাগাদকৃত Nationally Determined Contribution, 2021 (NDC) অনুসরণসহ Mujib Climate Prosperity Plan, 2023 (MCPP) এবং হালনাগাদকৃত Climate Change and Gender Action Plan (CCGAP)-সহ সময়ে সময়ে সরকার কর্তৃক অনুমোদিত পরিকল্পনা/পলিসি ডকুমেন্ট-কে বিবেচনায় আনতে হবে।

১.১.২ প্রকল্প প্রস্তাব **সংলগ্নী-১** মোতাবেক ''জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প প্রস্তাব" "Project Proposal under Climate Change Trust Fund (PPCCTF)" ছকে প্রণয়ন করতে হবে।

১.১.৩ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলার জন্য সুনির্দিষ্ট কার্যক্রম থাকতে হবে এবং প্রকল্প বাস্তবায়নের ফলে যে প্রত্যাশিত ফলাফল পাওয়া যাবে, প্রস্তাবে তা উল্লেখ করতে হবে।

১.১.৪ প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রমের সাথে রাজস্ব বাজেটের আওতাভুক্ত কর্মসূচি এবং অন্যান্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততা পরিহার করতে হবে।

১.১.৫ প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় বা সংস্থার বাস্তবায়নাধীন বা পরিকল্পনাধীন কোন প্রকল্পের কার্যক্রমের সাথে দ্বৈততা নেই এই মর্মে বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র প্রকল্প প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

১.১.৬ প্রস্তাবিত প্রকল্প একক বা যৌথভাবে প্রণয়ন করা যাবে। তবে যৌথভাবে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার সংখ্যা ৩ (তিন) এর অধিক হবে না। প্রকল্প প্রস্তাবে প্রত্যেক বাস্তবায়নকারী সংস্থার প্রস্তাবিত কাজের উদ্দেশ্য,আইটেম অনুযায়ী কার্যক্রম ও বাজেট আলাদাভাবে বর্ণিত থাকবে। প্রকল্প প্রস্তাবে একটি সংস্থা লিড বাস্তবায়নকারী সংস্থা এবং অন্যান্য সংস্থা সহযোগী হিসেবে কার্যক্রম পরিচালনা করবে মর্মে উল্লেখ করতে হবে।

১.১.৭ প্রকল্পের মেয়াদকাল ০৩ (তিন) বছরের বেশি হবে না। তবে মেয়াদকাল ০৩ (তিন) বছরের বেশি প্রয়োজন হলে ট্রাস্টি বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

১.১.৮ প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় সর্বোচ্চ ১৫ (পনের) কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রতিটি আইটেমের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক কোড/সাব-কোড ব্যবহার করতে হবে। অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে যদি কোন আইটেম নির্ধারিত অর্থনৈতিক কোড/সাব-কোড এর আওতায় না পড়ে সেক্ষেত্রে অর্থ বিভাগ থেকে কোড/সাব-কোড বরাদ্দ নিতে হবে।

১.১.৯ বড় পরিসরে (১৫ কোটি টাকার উর্ধ্বে) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে দপ্তর/সংস্থা অথবা অন্য তহবিল হতে Co-financing এর সংস্থান থাকতে হবে। এক্ষেত্রে দপ্তর /সংস্থা বা অন্য তহবিল হতে বরাদ্দের বিষয়টি ট্রাস্টি বোর্ড কর্তৃক চূড়ান্ত অনুমোদিত হবে।

১.১.১০ গবেষণাধর্মী প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে প্রায়োগিক গবেষণার উপর জোর দিতে হবে। প্রকল্প প্রস্তাবে প্রস্তাবিত গবেষণা কাজের ফলাফল পাইলট আকারে প্রয়োগের বিষয়টি অন্তর্ভুক্ত করার পাশাপাশি প্রকল্পের ফলাফল মানসম্পন্ন জার্নালে প্রকাশ করতে হবে।

১.১.১১ প্রতিটি প্রকল্প প্রস্তাবে আবশ্যিকভাবে প্রকল্প এলাকা সুনির্দিষ্ট করতে হবে (বিভাগ, জেলা, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন/ওয়ার্ড, মৌজা, জেএল নম্বর, অক্ষাংশ, দ্রাঘিমাংশ সহকারে) উল্লেখ করতে হবে।

১.১.১২ প্রকল্প প্রস্তাবে আবশ্যিকভাবে উপকারভোগীর সংখ্যা নির্ধারিত ছকে (নারী, পুরুষ, তৃতীয় লিঙ্গ, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধী) উল্লেখ করতে হবে।

১.১.১৩ প্রস্তাবিত প্রকল্পের আওতায় সাধারণভাবে নতুন জনবল নিয়োগের সংস্থান নিরুৎসাহিত করা হবে। প্রকল্প বাস্তবায়ন যথাসম্ভব সংস্থার বিদ্যমান জনবল দ্বারা করতে হবে। প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কাজে অত্যাবশ্যকীয় বিবেচিত হলে চুক্তিভিত্তিক/outsourcing-এ (সর্বসাকুল্যে বেতনে) নতুন জনবল/ অনিয়মিত শ্রমিক নিয়োগের প্রস্তাব করা যেতে পারে। প্রকল্পের আওতায় প্রস্তাবিত জনবল সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রকল্প প্রস্তাবে অন্তর্ভুক্ত করতে হবে।

১.১.১৪ প্রস্তাবিত প্রকল্পে প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি সম্পর্কে যৌক্তিকতাসহ প্রশিক্ষণের বিষয়, মেয়াদ, বাজেট ইত্যাদি বিষয় সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রকল্প প্রস্তাবে উল্লেখ করতে হবে।

১.১.১৫ প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কোনো বিদেশী পরামর্শকের প্রস্তাব করা যাবে না। তবে যৌথভাবে বা Co-financing প্রকল্পে আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বিদেশী পরামর্শকের প্রস্তাব করা যাবে।

১.১.১৬ প্রকল্প প্রস্তাবে পরামর্শকের প্রস্তাব করা হলে সেক্ষেত্রে তাদের বিস্তারিত কর্মপরিধি (TOR), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।

১.১.১৭ প্রস্তাবিত নির্মাণ কাজের ক্ষেত্রে বিস্তারিত প্ল্যান (নকশা) এবং প্রাক্কলন পৃথকভাবে সংযোজন করতে হবে।

১.১.১৮ প্রস্তাবিত প্রকল্পে সম্পদ সংগ্রহ ও নির্মাণ আইটেমসমূহের ক্ষেত্রে সম্ভাব্য ক্রয়/সংগ্রহ সময়াবদ্ধ (Time Frame), পরিকল্পনা এবং বিভাজন দিতে হবে।

১.১.১৯ এছাড়াও অন্যান্য আইটেমের ক্ষেত্রে বিস্তারিত বিভাজন প্রয়োজন হলে পরিশিষ্ট আকারে সংযোজন করতে হবে।

১.১.২০ যে সকল প্রস্তাবিত প্রকল্পে পরিবেশ সংরক্ষণ আইন এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা অনুসারে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে সে ধরনের প্রকল্প অনুমোদনের পর পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নিতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP), প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (IEE) এবং/অথবা পরিবেশগত প্রভাব নিরূপণ (EIA) প্রতিবেদন প্রকল্প প্রস্তাবে সংযুক্ত করতে হবে।

১.১.২১ জমি অধিগ্রহণ, সরকারি বা ব্যক্তি মালিকানাধীন কোন জমিতে কোন কাজ বাস্তবায়নের প্রয়োজন হলে জমির মালিকানাসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রকল্প প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

১.১.২২ প্রস্তাবিত প্রকল্পের Nature self-sustained এবং বিসিসিএসএপি,২০০৯/সংশোধিত বিসিসিএসএপি এর সাথে সংগতিপূর্ণ হতে হবে।

১.১.২৩ প্রকল্প প্রস্তাবে ভিন্ন ভিন্ন প্রকৃতির কাজ অন্তর্ভুক্ত না করে শুধুমাত্র অতি জরুরী বিবেচনায় একই প্রকৃতির (Nature) এর কম্পোনেন্ট সংযুক্ত করে ট্রাস্ট ফান্ডের প্রকল্প গ্রহণ করতে হবে।

১.১.২৪ প্রকল্প প্রস্তাব দাখিলের সাথে সংশ্লিষ্ট প্রকল্প এলাকার Visual Presentation ডিজিটাল ফরমেটে দাখিল করতে হবে।

**২.০ প্রকল্প প্রক্রিয়াকরণ:**

২.১ প্রতি অর্থবছরে (১ জানুয়ারী হতে ৩১ মার্চ) এবং (১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর) সময় সীমার মধ্যে নতুন প্রকল্প প্রস্তাব আহবান করা হবে। প্রকল্প প্রস্তাব যথাযথ নিয়মে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে দাখিল করতে হবে। এক অর্থবছরের প্রকল্প প্রস্তাব অন্য অর্থবছরের জন্য বিবেচনা করা হবে না। নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত প্রস্তাবসমূহ গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবেনা।

**৩.০ প্রকল্প অনুমোদন:**

৩.১ কারিগরি কমিটির সুপারিশকৃত প্রকল্পসমূহ বিবেচনা/অনুমোদনের জন্য ট্রাস্টি বোর্ডের সভায় উপস্থাপন করা হবে।

৩.২. গত ০৪ জানুয়ারি, ২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটির ৫৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক সভাপতি, কারিগরি কমিটি ও সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গঠিত সাব-কমিটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ যাচাই-বাছাই পূর্বক কারিগরি কমিটির সভায় উপস্থাপন করবে।

**৪.০ প্রকল্প সংশোধন:**

৪.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নকৃত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য প্রযোজ্য বিধায় সাধারণভাবে সংশোধন বা মেয়াদবৃদ্ধি বিবেচনা করা হবে না। তবে অত্যাবশ্যকীয় বিবেচিত হলে যৌক্তিকতাসহ সংশোধিত প্রস্তাব **(সংলগ্নী-২)** মোতাবেক Revised Project Proposal under Climate Change Trust Fund (RPPCCTF) ছকে পিআইসি/পিএসসি এর সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকল্প শেষ হওয়ার কমপক্ষে ৩ মাস পূর্বে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে দাখিল করতে হবে। শুধু মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব/অগ্রায়ন পত্র বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে দাখিল করতে হবে। তবে মেয়াদবৃদ্ধি/আন্ত:খাত সমন্বয় ০২ (দুই) বারের বেশি করা যাবে না। যে কোন ধরনের সংশোধিত প্রস্তাব কারিগরি কমিটির মাধ্যমে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হবে।

৪.২ প্রকল্প বাস্তবায়নাধীন সময়ে কোন পরিস্থিতিতেই প্রকল্পের ব্যয় বৃদ্ধি করা যাবেনা। এছাড়া ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চলমান প্রকল্পের অনুকূলে সাশ্রয়কৃত অর্থ দ্বারা নতুন কোন কম্পোনেন্ট বা চলমান কাজের কলেবর বৃদ্ধি করা যাবেনা। প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ (মুনাফাসহ) প্রকল্প শেষে ট্রাস্ট ফান্ডে ফেরত প্রদান করতে হবে।

৪.৩ ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত চলমান প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের অঙ্গসমূহের বরাদ্দের উপযোজন/পুনঃউপযোজন/উপকারভোগীদের তালিকা সংযোজন/বিয়োজনের প্রয়োজন হলে সে সংক্রান্ত প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ/ বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে। এ জাতীয় সংশোধনীসমূহ কারিগরি কমিটির মাধ্যমে ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হবে।

৪.৪ প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেলে এবং ডিজাইন পরিবর্তন ও অন্যান্য ব্যতিক্রম ক্ষেত্রে বিষয়টি কারিগরি কমিটির মাধ্যমে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডে উপস্থাপন করতে হবে।

**৫.০ প্রকল্প বাস্তবায়ন:**

৫.১ ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত/নীতিগতভাবে অনুমোদিত প্রকল্পের পুনর্বিন্যাসের অনুশাসন থাকলে সভার কার্যবিবরণী জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে পুনর্বিন্যাসকৃত প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে ট্রাস্টে দাখিল করতে হবে, অন্যথায় ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত স্থগিত বলে গণ্য হবে। তবে, সুনির্দিষ্ট কারণ ও যৌক্তিক ব্যাখ্যাসহ আবেদনের পরিপ্রেক্ষিতে তা বিবেচনার জন্য ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান বরাবর উপস্থাপন করা যাবে।

৫.২ ট্রাস্টি বোর্ড কর্তৃক প্রকল্প অনুমোদনের পর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করবে।

৫.৩ প্রকল্পের অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকল-কে অবহিত করবে।

৫.৪ অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্প কার্যক্রম (প্রকল্প পরিচালক নিয়োগ, ব্যাংক হিসাব খোলা ইত্যাদি) শুরু না করলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে। তবে, বিশেষ ক্ষেত্রে ট্রাস্টি বোর্ড এই সময়সীমা বৃদ্ধি করতে পারবে। প্রথম কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিবরণ বিসিসিটি বরাবর দাখিল করতে হবে।

৫.৫ বাংলাদেশের যে কোনো তফসিলভুক্ত ব্যাংকে প্রকল্প পরিচালক, প্রকল্পের নামে একটি এসটিডি/এসএনডি হিসাব খুলে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-কে অবহিত করতে হবে। উক্ত এসটিডি/এসএনডি হিসাবটি প্রকল্প পরিচালকের স্বাক্ষরে পরিচালিত হবে।

৫.৬ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সকল প্রকল্পের জন্য বাস্তবায়নকারী সংস্থা প্রধান এর নেতৃত্বে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এবং ৫ (পাঁচ) কোটি বা তদুর্ধ্ব টাকার প্রকল্পসমূহের জন্য সংশ্লিষ্ট বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে একটি স্টিয়ারিং কমিটি গঠন করতে হবে।

৫.৭ স্টিয়ারিং কমিটিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিকল্পনা কমিশন, অর্থ বিভাগ এবং আইএমইডিসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।

৫.৮ প্রকল্প বাস্তবায়ন কমিটিতে (PIC) বাস্তবায়নকারী সংস্থা প্রধান, সংশ্লিষ্ট বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের ১ জন কর্মকর্তা, জেলা প্রশাসকের ১ জন প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর (পরিবেশ বিষয়ক প্রকল্পের ক্ষেত্রে)/বন অধিদপ্তরের (জীববৈচিত্র সংরক্ষণ বিষয়ক প্রকল্পের ক্ষেত্রে ) ১ জন কর্মকর্তা ও প্রকল্প পরিচালককে অন্তর্ভুক্ত করতে হবে।

৫.৯ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের কাজের কোন অনিয়ম বা ব্যত্যয় পরিলক্ষিত হলে বিসিসিটি প্রকল্প পরিচালকসহ কাজের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রস্তাব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫.১০ প্রকল্প বাস্তবায়নকালে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত প্রকল্প পরিচালক বাস্তবায়নাধীন প্রকল্পের অনুমোদিত কাজের পরিমাণ হ্রাস/বৃদ্ধি, ডিজাইন পরিবর্তন বা আন্ত:খাত সমন্বয় সহ কোন প্রকার পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

**৬.০ প্রকল্পের অর্থ বরাদ্দ, বিভাজন, অবমুক্তি, ব্যবহার এবং হিসাবরক্ষণ পদ্ধতি:**

৬.১ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে যে কোনো ধরনের অর্থ ব্যয়ে সরকারি আর্থিক বিধি বিধান বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে। প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে ওয়ার্ক, পণ্য এবং সেবা ক্রয়/সংগ্রহের জন্য ঠিকাদার বা পরামর্শক নিয়োগ করতে হলে বাধ্যতামূলকভাবে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ সহ সময়ে সময়ে জারীকৃত সরকারের আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।

৬.২ সরকারের রাজস্ব বাজেটের হিসাবরক্ষণ পদ্ধতি প্রকল্পের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে অনুসরণ করতে হবে। এক্ষেত্রে ক্যাশ বই, ডেড স্টক রেজিস্টার, একুইটেন্স রোল (কর্মকর্তা/কর্মচারি), পেটি ক্যাশ লেজার, বরাদ্দ রেজিস্টার, স্থায়ী সম্পদ রেজিস্টার, অগ্রিম রেজিস্টার, বিল রেজিস্টার, চেক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। এছাড়াও প্রকল্পের হিসাব সংরক্ষণ এবং আর্থিক নিয়ন্ত্রণের জন্য উল্লেখিত রেজিস্টারসমূহ ছাড়াও অন্য কোনো রেজিস্টার সংরক্ষণ এর প্রয়োজন হলে তাও সংরক্ষণ করতে হবে।

৬.৩ অবমুক্তকৃত অর্থ অব্যয়িত থাকলে তার কারণ ব্যাখ্যা করতে হবে এবং অবমুক্তিযোগ্য অর্থ অবমুক্ত করা হলে তা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় করা সম্ভব হবে এরূপ তথ্যাদিসহ (অনুমোদিত প্রকল্প দলিল অনুসারে) প্রত্যয়ন দিতে হবে।

৬.৪ সরকারি অফিস, অধিদপ্তর এবং পরিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকৃত খরচের পর বিল ভাউচারের বিপরীতে অর্থ পরিশোধ করতে হবে।

৬.৫ প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও ব্যয়ের ক্ষেত্রে বিদ্যমান আর্থিক বিধি বিধান এবং অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

৬.৬ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্পের জন্য অফিসভাড়া বাবদ ব্যয় নির্বাহ করা যাবে না। তবে বিশেষ কারণে প্রকল্পের জন্য অফিসভাড়া প্রয়োজন হলে প্রকল্পের জন্য বেসরকারি ব্যক্তি/ সংস্থার মালিকানাধীন বাড়িভাড়া সংক্রান্ত পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

৬.৭ প্রকল্পের কর্মকর্তা/কর্মচারিদের দৈনন্দিন অফিসে যাতায়াতের জন্য কোনো গাড়ির সংস্থান প্রকল্পের অর্থায়নে করা যাবে না। তবে মাঠ পর্যায়ের প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন তদারকির জন্য প্রয়োজনে গাড়িভাড়া করা যাবে।

৬.৮ অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চলমান প্রকল্পের সকল ব্যয় করতে হবে।

৬.৯ অর্থ ব্যয়ের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে **(সংলগ্নী-৭)** নিয়মিত বাস্তবায়নকারী মন্ত্রণালয় , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট -এ প্রেরণ করতে হবে।

৬.১০ প্রকল্পের অর্থ ব্যয়ে কোনো অনিয়ম পরিলক্ষিত হলে প্রচলিত আইন ও বিধি বিধান অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৭.০ আইটেমওয়ারি ব্যয় বিভাজন, অর্থছাড়/অবমুক্তি, ব্যবহার এবং হিসাবরক্ষণ:**

**৭.১ আইটেমওয়ারি ব্যয় বিভাজন:**

৭.১.১ প্রকল্প পরিচালক অনুমোদিত প্রকল্পের আইটেমওয়ারি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত ছকে **(সংলগ্নী-৮)** ব্যয় বিভাজন প্রস্তুত করবেন এবং প্রকল্প বাস্তবায়নের শুরুতেই প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করবেন।

**৭.২ অর্থছাড়/অবমুক্তি:**

৭.২.১ প্রকল্পের অনুকূলে ৪টি সমান কিস্তিতে শর্তপূরণ সাপেক্ষে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক অর্থছাড় করা হবে। যৌক্তিক কারণে যে সকল প্রকল্পের ক্ষেত্রে ৪টি সমান কিস্তিতে ব্যয় বিভাজন করা সম্ভব না তার কারণ যথাযথভাবে উল্লেখপূর্বক ব্যয় বিভাজন সমভাবে বিভক্ত না করলেও তা গ্রহণযোগ্য বিবেচিত হবে।

৭.২.২ প্রকল্প পরিচালক অনুমোদিত ব্যয় বিভাজনসহ ১ম কিস্তির অর্থছাড়ের প্রস্তাব (**সংলগ্নী-৩, সাথে সংলগ্নী-৪, ৫, ৬, ৭ ও ৮ সংযুক্ত করতে হবে**) বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের মাধ্যমে বিসিসিটিতে দাখিল করবে। ১ম কিস্তির অর্থছাড়ের চেকলিষ্ট **(সংলগ্নী-৯)** অনুযায়ী প্রস্তাবের সাথে প্রকল্প পরিচালক নিয়োগের প্রমাণক, এসটিডি/এসএনডি ব্যাংক একাউন্ট খোলার প্রমাণকসহ সংশ্লিষ্ট এলাকার কাজের বর্তমান অবস্থার রঙ্গিন স্থিরচিত্র ও ভিডিও ফুটেজ দাখিল করতে হবে।

